দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 11 JUL 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ......

# ট্রাস্ট কলেজে একাদশ শ্রেণীর ক্লাস শুরু

শিক্ষা মন্ত্রণালয়ের পূর্বনির্ধারিত সময়সূচী অনুযায়ী রবিবার ২০১৬-১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীর ক্লাস শুরু হয়েছে।

ক্লাস শুরুর আগে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় ভর্তিকৃত ছাত্রছাত্রী ও তাদের অভিভাবক এবং ট্রাস্ট কলেজের শিক্ষকদের অংশগ্রহণে কলেজ মিলনায়তনে অনুষ্ঠিত হয়, এক পরিচিতি অনুষ্ঠান। এতে সভাপতিত্ব করেন ট্রাস্ট কলেজের প্রতিষ্ঠাতা ও অধ্যক্ষ বশির আহাম্মেদ ভূঁইয়া। অনুভূতি ব্যক্ত করে বক্তব্য রাখেন নবাগত শিক্ষার্থী ও তাদের অভিভাবকবৃন্দ। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ট্রাস্ট কলেজের উপাধ্যক্ষ সুশান্ত কুমার দে, বাংলা বিভাগের বিভাগীয়প্রধান ও সহকারী অধ্যাপক জাহাঙ্গীর আলম, ইংরেজী বিভাগের বিভাগীয়প্রধান ও সিনিয়র প্রভাষক আবু বকর প্রমুখ। অধ্যক্ষ বশির আহাম্মেদ ভূঁইয়া নবাগত ছাত্রছাত্রী ও অভিভাবকবৃন্দের উদ্দেশে বলেন, 'ট্রাস্ট কলেজে ছাত্রছাত্রীদের এসএসসির তুলনায় এইচএসসিতে জিপিএ বৃদ্ধির পাশাপাশি এইচএসসি পাসের পর বুয়েট, মেডিক্যাল এবং ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের প্রথম সারির [illegible] পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে সম্মানজনক অবস্থান করে নেয়ার জন্য রয়েছে বিশেষ কার্যক্রম।

ছাত্রছাত্রীদের সুদৃঢ় প্রত্যয় আর সম্মানিত অভিভাবকবৃন্দের আন্তরিক সহযোগিতা আমাদের এই পদক্ষেপকে করবে আরও বেগবান।' ট্রাস্ট কলেজের ছাত্রছাত্রীরা প্রাইভেট না পড়েও ২০১৩ সালে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার শীর্ষ ২০টি কলেজের অন্যতম সম্মান অর্জনসহ প্রতিবছর এইচএসসি পরীক্ষায় ঈর্ষণীয় ফলের স্বাক্ষর রেখে আসছে। -বিজ্ঞপ্তি